

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.৭০৮

তারিখঃ ২৭/০৬/২০২১খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচির আওতায় বিভিন্ন সময়ে বিভিন্ন কারণে শর্ত সাপেক্ষে কর্মকর্তা-কর্মচারীদের বিপরীতে অগ্রীম (ল্যাপটপ ও ট্যাব ক্রয়, উৎসব বোনাস ও উৎসব কেন্দ্রিক এক মাসের বেতন-ভাতা) প্রদান করা হয়েছে, যা অগ্রীম প্রদানের শর্তানুযায়ী নির্ধারিত সময়ে সমন্বয়যোগ্য। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, নির্দেশনা দেয়া সত্ত্বেও দীর্ঘদিন যাবৎ সমন্বয়যোগ্য অগ্রীমসমূহ অদ্যাবধি সমন্বয় করা হয়নি। কর্মসূচির আর্থিক শৃঙ্খলা রক্ষার স্বার্থে সমন্বয়যোগ্য সকল অগ্রীম আগামী ৩০ জুন, ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সমন্বয়ের নির্দেশনা প্রদান করা হলো। অন্যথায় সদর দপ্তরের নির্দেশনা অমান্য করে গৃহিত অগ্রীম সমন্বয় না করায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে ২য় পর্যায়ের প্রকল্পে অন্তর্ভুক্ত না করা সহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে।

২। কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারী করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----(কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ----(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ --(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৫. হিসাব সহকারী/মাঠসংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ --(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।